বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh

আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

web: www.ugc.gov.bd




স্মারক নং- ইউজিসি/আইএমসিটি/বিবিধ বিষয়াবলী/১২১/২০২০/২৯২৫ তারিখ ঃ ২৩/০৩/২০২০ খ্রিঃ

**বিষয়ঃ বিপর্যয় মোকাবেলায় প্রয়োজনীয় জনসচতেনতামূলক র্কাযক্রম এবং অনলাইনে শিক্ষা পরিচালনা সংক্রান্ত।**

১৯ মার্চ, ২০২০ তারিখে মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে এবং শিক্ষা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সভাকক্ষে একটি জরুরী সভা অনুষ্ঠিত হয়। সভায় "করোনাভাইরাস" মোকাবেলায় শিক্ষা মন্ত্রণালয় এবং একইসাথে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের করণীয় বিষয় সম্পর্কে আলোচনা করা হয়।

সভায় উচ্চশিক্ষা ও গবেষণায় করোনা ভাইরাসের মতো যে কোনো বিপর্যয় মোকাবেলায় চারটি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শক্রমে ভিডিও মিটিং-এর মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষার্থীদের প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমাজ গবেষণা ও অনলাইন প্ল্যাটফর্মে শিক্ষাদান করার পাশাপাশি প্রয়োজনীয় জনসচতেনতামূলক কার্যক্রম, হ্যান্ড স্যানিটাইজার তৈরির সহজ পদ্ধতি, ব্যক্তিগত ও পারিবারিক নিরাপত্তা বিষয়ে কিভাবে কার্যকর ভূমিকা রাখতে পারেন সে সকল বিষয়ে আলোচনা করা হয়।

সভায় এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় যে, করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির লক্ষে বাংলাদেশ গবেষণা ও শিক্ষা প্রতিষ্ঠান(বিডিরেন)-এর ডাটা সেন্টারে স্থাপিত "Zoom Application"-টি ব্যবহার করা যেতে পারে। এর মাধ্যমে অনলাইনে দেশের স্বনামধন্য চিকিৎসক/বিশেষজ্ঞগণকে দিয়ে "করোনা ভাইরাস" প্রতিরোধে করণীয় বিষয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক এবং শিক্ষার্থীদের দীক্ষিত করা যেতে পারে। এ বিষয়ে পরবর্তী করণীয় সম্পর্কে অনতিবিলম্বে আপনাকে অবহিত করা হবে।

সভায় আরো আলোচিত হয় যে, বিশ্ববিদ্যালয়সমূহ বন্ধ থাকার কারণে শিক্ষার্থীদের যে অপূরণীয় ক্ষতি হচ্ছে তা মোকাবেলার লক্ষে সম্মানিত শিক্ষকগণকে অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার জন্য উৎসাহিত করা যেতে পারে। এ বিষয়েও "Zoom Application" ব্যবহারের সুযোগ শিক্ষকগণের কাছে বিডিরেন বিনামূল্যে পৌঁছে দিতে পারে। উল্লেখ্য যে, এই ব্যবস্থার মাধ্যমে শিক্ষক এবং শিক্ষার্থী উভয়েরই শুধুমাত্র ডেস্কটপ কম্পিউটার/ল্যাপটপ অথবা স্মার্টফোন-এর যে কোন একটি প্রান্তিক যন্ত্র (End Device) এবং একটি স্থিতিশীল ইন্টারনেট সংযোগের প্রয়োজন হবে। এক্ষেত্রে সেশনগুলো স্বাভাবিক শ্রেনীকক্ষের মত সম্পূর্ণরূপে মিথস্ক্রিয় (Interactive) হবে।

অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষককে ই-মেইলের মাধ্যমে বিডিরেনের 7x24 সাপোর্ট সেন্টারে (ই-মেইল ঠিকানাঃ helpdesk@bdren.net.bd) যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে। ই-মেইলে সংশ্লিষ্ট শিক্ষকের মোবাইল নম্বরসহ বিস্তারিত পরিচয় দিতে হবে এবং ই-মেইলের কপিতে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যকে রাখতে হবে। বিডিরেন হতে ই-মেইলটির সত্যতা যাচাই করে ২৪ ঘন্টার মধ্যে অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনার সুযোগ তৈরির বিষয়টি নিশ্চিত করা হবে এবং সংশ্লিষ্ট শিক্ষককে বিষয়টি অবহিত করা হবে। এই বিষয়ে বিস্তারিত তথ্য জানার জন্যে বিডিরেন-এর সাপোর্ট সেন্টারে (মোবাইল# ০৯৬১২২BdREN) যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

"করোনা ভাইরাস" মোকাবেলা করে দেশের শিক্ষা ব্যবস্থাকে এগিয়ে নেয়ার বিষয়ে অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনা একটি সময়োপোযোগী সিদ্ধান্ত হিসেবে প্রতিয়মান হচ্ছে - যা বিশ্বের বিভিন্ন দেশে ইতিমধ্যেই জনপ্রিয়তা পেয়েছে। তাছাড়া দেশের বেশ কয়েকটি বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণও পরীক্ষামূলকভাবে অনলাইনে শিক্ষা কার্যক্রম পরিচালনা করছেন।

"করোনা ভাইরাস" সংক্রমণ সংক্রান্ত উদ্ভুত দূর্যোগের পরিপ্রেক্ষিতে দেশের শিক্ষা কার্যক্রমকে গতিশীল রাখার লক্ষে উপরে বর্ণিত বিষয়টি বিশেষ বিবেচনায় নেয়ার ব্যাপারে আপনার সর্বাত্মক সহযোগিতা প্রত্যাশা করছি।

Sazzad 23/03/2020

প্রফেসর ড. মোঃ সাজ্জাদ হোসেন
সদস্য
বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

প্রতি ঃ

১-৪৬। উপাচার্য

ঢাকা/রাজশাহী/বাংলাদেশ কৃষি/বাংলাদেশ প্রকৌশল/চট্টগ্রাম/জাহাঙ্গীরনগর/ইসলামী/শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি/খুলনা/জাতীয়/ বাংলাদেশ উন্মুক্ত/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি/বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল/শেরে বাংলা কৃষি/ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি/পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি/রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি/চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি/খুলনা প্রকৌশল ও প্রযুক্তি/ ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি/ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম/নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি/ জগন্নাথ/ কুমিল্লা/চট্টগ্রাম ভেটেরিনারী ও এনিম্যাল সাইন্সেস/সিলেট কৃষি/যশোর বিজ্ঞান ও প্রযুক্তি/ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস/বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর/পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি/ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি/ বরিশাল/ বাংলাদেশ টেক্সটাইল/রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম/ইসলামী আরবি/চট্টগ্রাম মেডিকেল/রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়/রবীন্দ্র বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি/ শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়/ খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়/বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব বিজ্ঞান ও প্রযুক্তি/সিলেট মেডিকেল/বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়।

বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

# বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

University Grants Commission of Bangladesh
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
web: www.ugc.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

৪৭-১৪৫। উপাচার্য
নর্থ সাউথ/ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ইন্ডিপেনডেন্ট/ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি/ইন্টারন্যাশনাল ইসলামী/আহছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি/আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি-/এশিয়ান / ইস্ট ওয়েস্ট/কুইন্স/এশিয়া প্যাসিফিক/গণ/দি পিপলস/ঢাকা ইন্টারন্যাশনাল/ ব্র্যাক/ মানারাত ইন্টারন্যাশনাল/বাংলাদেশ /লিডিং/বিজিসি ট্রাষ্ট/সিলেট ইন্টারন্যাশনাল/ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অল্টারনেটিভ/প্রিমিয়ার/সাউথ ইস্ট/ষ্টামফোর্ড/ ডেফোডিল ইন্টারন্যাশনাল/ স্টেট/ সিটি/প্রাইম/নর্দান/সাউদার্ন/গ্রীণ/পুন্ড্র ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/ওয়ার্ল্ড/শান্ত মারিয়াম/দি মিলিনিয়াম/ইষ্টার্ণ/বাংলাদেশ ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/ মেট্রোপলিটন/ উত্তরা/ ইউনাইটেড ইন্টারন্যাশনাল/ভিক্টোরিয়া/ইউনিভার্সিটি অব সাউথ এশিয়া/প্রেসিডেন্সি/ ইউনিভাসিটি অফ ইনফরমেশন টেকনোলজি এন্ড সাইন্সেস/প্রাইম এশিয়া/ রয়েল ইউনিভার্সিটি/ লিবারেল আর্টস/ অতীশ দীপংকর বিজ্ঞান ও প্রযুক্তি/বাংলাদেশ ইসলামী/আশা ইউনিভার্সিটি/ইস্ট ডেল্টা/সেন্ট্রাল উইমেন্স/ইউ-রোপিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ/বরেন্দ্র বিশ্ববিদ্যালয়/হামদর্দ বিশ্ববিদ্যালয় বাংলাদেশ/বিজিএমইএ ইউনিভার্সিটি অভ ফ্যাশন এন্ড টেকনোলজি/ নর্থ ইস্ট/ ফার্স্ট ক্যাপিটাল ইউনিভার্সিটি অব বাংলাদেশ/ঈসাখাঁ ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ/ জেডএইচ শিকদার বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/এক্সিম ব্যাংক কৃষি/নর্থ ওয়েস্টার্ন/খাজা ইউনুস আলী/সোনারগাঁও/ফেনী/ব্রিটানিয়া/পোর্ট সিটি ইন্টারন্যাশনাল/বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেলথ সায়েন্সেস/চিটাগং ইন্ডিপেনডেন্ট/নটরডেম/টাইমস্/নর্থ বেঙ্গল ইন্টান্যাশনাল/ফারইস্ট ইন্টারন্যাশনাল/রাজশাহী সাইন্স এন্ড টেকনোলজি/শেখ ফজিলাতুন্নেছা মুজিব/কক্সবাজার ইন্টারন্যাশনাল/রণদা প্রসাদ সাহা/জার্মান/গ্লোবাল/সিসিএন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়/বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি (বিএইউএসটি)/বাংলাদেশ আর্মি ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি (বিএআইইউএসটি)/দি ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব স্কলার্স/কানাডিয়ান/এন.পি.আই/নর্দান ইউনিভার্সিটি অব বিজনেস এন্ড টেকনোলজি/রবীন্দ্র মৈত্রী/ইউনিভার্সিটি অব ক্রিয়েটিভ টেকনোলজি/সেন্ট্রাল ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজি/রবীন্দ্র সৃজনকলা/গ্লোবাল ভিলেজ/রূপায়ন এ.কে.এম শামসুজ্জোহা/আনোয়ার খান মডার্ণ ইউনিভার্সিটি, বাংলাদেশ/টাইমস/ইউনাইটেড ইন্টারন্যাশনাল/জেডএনআরএফ/আহসানিয়া মিশন প্রকৌশল ও প্রযুক্তি/বান্দরবন/ইন্টারন্যাশনাল স্ট্যান্ডার্ড/খুলনা খান বাহাদুর আহসানউল্লাহ/শাহ্ মাখদুম ম্যানেজমেন্ট/ট্রাস্ট ইউনিভার্সিটি বরিশাল।

তারিখ ঃ ২৩/০৩/২০২০ খ্রিঃ

স্মারক নং- ইউজিসি/আইএমসিটি/বিবিধ বিষয়াবলী/১২১/২০২০/২৯২৭

**সদয় অবগতি ও পরবর্তী কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। অতিরিক্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, ঢাকা।
২-১১। পরিচালক (প্রশাসন/অর্থ ও হিসাব/পরিকল্পনা ও উন্নয়ন/রিসার্চ সাপোর্ট এন্ড পাবলিকেশন/পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট/ বেসরকারি বিশ্ববিদ্যালয়/এসপিকিউএ/ আইএমসিটি/ জনসংযোগ ও তথ্য অধিকার বিভাগ/জেনারেল সার্ভিসেস এন্ড এস্টেট বিভাগ), ইউজিসি, ঢাকা।
১২। একান্ত সচিব, মাননীয় মন্ত্রী মহোদয়ের দপ্তর, শিক্ষা মন্ত্রনালয়, ঢাকা।
১৩। একান্ত সচিব, মাননীয় উপমন্ত্রী মহোদয়ের দপ্তর, শিক্ষা মন্ত্রনালয়, ঢাকা।
১৪। সিইও, বিডিরেন, ঢাকা।
১৫। সিনিয়র সহকারী সচিব, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৬-১৮। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, সদস্য মহোদয়গণের দপ্তর, ইউজিসি, ঢাকা।
১৯। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রনালয়, ঢাকা।
২০। সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ইউজিসি, ঢাকা।
২১-২২। নথি/ মহানথি।

23/03/2020
অতিরিক্ত পরিচালক
আইএমসিটি বিভাগ, ইউজিসি